পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড
প্রধান কার্যালয়
রাঙ্গামাটি
www.chtdb.gov.bd

স্মারক নম্বর : ২৯.৩১.০০০০.০০৮.৩২.০০১.১৯ - ৬০০ তারিখ : ২৭/১২/২০২০ খ্রিঃ

বিষয়ঃ ২০২০-২০২১ অর্থ বছরে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের উদ্ভাবনী উদ্যোগ/ধারণাসমূহের বিস্তারিত বিবরণ প্রেরণ।

সূত্রঃ মন্ত্রণালয়ের স্মারক নম্বর: ২৯.০০.০০০০.২১৮.০৫.০০১.১৯-৪৬৮, তারিখঃ ১৫/১২/২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে পার্বত্য আলোকে জানানো যাচ্ছে যে, ২০২০-২০২১ অর্থ বছরে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের বাছাইকৃত উদ্ভাবনী উদ্যোগ/ধারণাসমূহের বিবরণ সংযুক্ত "ছক" মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলোঃ-

(ড. প্রকাশ কান্তি চৌধুরী)
সদস্য-পরিকল্পনা
ও
ইনোভেশন অফিসার
ফোন: ০৩৫১-৬৩৩১৫
ইমেইল: mp@chtdb.gov.bd

সচিব
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

(দৃষ্টি আকর্ষণ: সিনিয়র সহকারী সচিব, বাজেট/প্রশাসন-২ শাখা)

স্মারক নম্বর : ২৯.৩১.০০০০.০০৮.৩২.০০১.১৯ - তারিখ : ২৭/১২/২০২০ খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

১। ভাইস-চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি
২। চেয়ারম্যানের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩। অফিস কপি।

(ড. প্রকাশ কান্তি চৌধুরী)
সদস্য-পরিকল্পনা
ও
ইনোভেশন অফিসার

২০২০-২০২১ অর্থ বছরে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের ইনোভেশন কার্যক্রমের তথ্য প্রেরণঃ-

১) উদ্ভাবনের শিরোনামঃ **প্রকল্পের তথ্য ব্যবস্থাপনা ও বাস্তবায়ন অগ্রগতি মনিটরিংকরণ** ( কোড নং-২২১০০০৯০০)

২) পটভূমিঃ পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড প্রতিবছর শত শত প্রকল্প/স্কিম বাস্তবায়ন করে থাকে। কাজের পরিমাণ ও গুণগত মান নিশ্চিতকরণে বোর্ডের মাননীয় চেয়ারম্যান, সম্মানিত ভাইস-চেয়ারম্যান ও সদস্যগণ নিবিড় তদারকি করেন। কিন্তু, পার্বত্য এলাকার দুর্গমতার কারণে প্রত্যন্ত অঞ্চলে বাস্তবায়নাধীন বিভিন্ন কার্যক্রমের তদারকির জন্য প্রচুর সময়ের প্রয়োজন হয়। তাই, বাস্তবায়নাধীন ও বাস্তবায়িত বিভিন্ন প্রকল্প/স্কিমের বাস্তবায়ন অগ্রগতি মনিটরিং ও তথ্য প্রাপ্তি সহজ করার লক্ষ্যে একটি মনিটরিং অ্যাপস প্রস্তুত করা হবে। মাঠ পর্যায়ে দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট প্রকৌশলী/কর্মকর্তাগণ কার্যক্রমের অগ্রগতির বিষয়ে প্রতিটি প্রকল্প/স্কিমের তথ্য (ছবি ও ভিডিও) নিয়মিত আপলোড করবেন। যা, এ অ্যাপসের ব্যবহারকারীগণ যেকোন সময় যেকোন স্থান থেকেই মনিটরিং করতে পারবেন। এটি বাস্তবায়িত হলে প্রকল্পের মনিটরিং কার্যক্রম সহজ হবে এবং সময় সাশ্রয় হবে, নির্ধারিত সময়ে প্রকল্প বাস্তবায়ন হলে সরকারের আর্থিক সাশ্রয় এবং উপকারভোগীগণ দ্রুততম সময়ে কাঙ্খিত সেবা পাবে। বোর্ডের এ কার্যক্রম সরকারের ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণ অংশ হিসেবে গৃহীত হয়েছে এবং বাস্তবায়নাধীন আছে। বোর্ডের ইতোমধ্যে বাস্তবায়িত উদ্ভাবনী কার্যক্রম- অনলাইনে শিক্ষাবৃত্তির আবেদন গ্রহণ ও প্রক্রিয়াকরণ, অনলাইনে প্রকল্পের আবেদন গ্রহণ এবং অনলাইনে নিয়োগ আবেদন গ্রহণ ও প্রক্রিয়াকরণ এ কার্যক্রম বাস্তবায়নে সহায়ক হয়েছে।

৩) যে পরিবর্তন আনবে/এনেছেঃ এ কার্যক্রম সম্পন্ন হলে বাস্তবায়িত ও বাস্তবায়নাধীন প্রকল্পের যাবতীয় তথ্য তৎক্ষণাৎ বের করা যাবে। প্রকল্পের শুরুতেই ডিপিপি অনুযায়ী অংগভিত্তিক প্রাক্কলনের তথ্য সফটওয়ারে ইনপুট দেয়া হবে। বাস্তবায়ন পর্যায়ে মাঠ পর্যায়ের দায়িত্ব পালনকারী উপ-সহকারী/সহকারী প্রকৌশলীগণ/কর্মকর্তা কাজের বাস্তবায়ন অগ্রগতির ছবি ও ভিডিও নিয়মিত আপলোড করবেন। নির্বাহী প্রকৌশলীগণ/প্রকল্প পরিচালকগণ যে কোন অংগের কাজ সমাপ্তির সাথে সাথে তা সফটওয়ারে নিশ্চায়ন করবেন এবং তা সম্পন্নকৃত কাজ হিসেবে ডাটাবেজে সংরক্ষণ হবে। যথাসময়ে কাজ সম্পন্ন করা কিংবা প্রাকৃতিক বা অনাকাঙ্খিত উদ্ভুত প্রতিকূল পরিস্থিতির কারণে কাজের অগ্রগতি ব্যাহত হলে তা দ্রুততম সময়ে নিরসনের প্রয়োজনীয় উপায় বের করতে সহজ হবে।

৪) উপকারভোগী বা অংশীজনের প্রতিক্রিয়াঃ দাপ্তরিক কাজ সহজতর হবে এবং প্রকল্পের সুবিধা যথাসময়ে উপকারভোগীর নিকট পৌঁছানো সুবিধাজনক হবে।

৫) টিসিভি/গ্রাফ/ইনফোগ্রাফিক্স/ছবি/ভিডিওঃ

| ক্রম. | তুলনামূলক বিবরণ | সময় | খরচ | ভিজিট/গমন | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | পূর্বের অবস্থা | - | - | - | |
| ২. | বর্তমান অবস্থা | - | - | - | |

সফটওয়্যার লিংক:

৬) উদ্ভাবন ও বাস্তবায়ন টিমঃ

| | |
|---|---|
| ড. প্রকাশ কান্তি চৌধুরী, ইনোভেশন অফিসার, সদস্য-পরিকল্পনা | উদ্ভাবক |
| মো: মুজিবুল আলম, নির্বাহী প্রকৌশলী | সদস্য, বাস্তবায়ন টিম |
| আবু বিন মোহাম্মদ ইয়াসির আরাফাত, নির্বাহী প্রকৌশলী, বান্দরবান ইউনিট | সদস্য, বাস্তবায়ন টিম |
| সহকারী প্রকৌশলী (সকল) | সদস্য, বাস্তবায়ন টিম |
| উপ-সহকারী প্রকৌশলী (সকল) | সদস্য, বাস্তবায়ন টিম |
| মনতোষ চাকমা, সহকারী পরিকল্পনা কর্মকর্তা | সদস্য, বাস্তবায়ন টিম |
| কালাচান মারমা, উচ্চমান সহকারী | সদস্য, বাস্তবায়ন টিম |

২০২০-২০২১ অর্থ বছরে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের ইনোভেশন কার্যক্রমের তথ্য প্রেরণঃ-

১) উদ্ভাবনের শিরোনামঃ **অটোমেশন রিক্রুটমেন্ট সিস্টেম**

২) পটভূমিঃ পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড প্রতিবছর রাজস্ব খাতে ও বিভিন্ন উন্নয়ন প্রকল্পে লোক নিয়োগ করে থাকে। বিপুল সংখ্যক চাকুরিপ্রার্থী নিয়োগলাভের জন্য আবেদন দাখিল করে। সকল আবেদনের ডাটা এন্ট্রি, সন্নিবেশ, যাচাই-বাছাইসহ, প্রার্থী তালিকা চূড়ান্তকরণ, প্রবেশপত্র ইস্যু, সিটপ্লান তৈরিসহ যাবতীয় কার্যক্রম সম্পন্ন করতে অনেক সময় ব্যয় হয়। যার ফলে বিশেষত উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন প্রক্রিয়া শুরু করতে বিলম্ব হয়। এ অবস্থা নিরসনকল্পে অটোমেশনের মাধ্যমে নিয়োগ প্রক্রিয়ার বিভিন্ন কার্যক্রম সম্পাদনের উদ্যোগটি গ্রহণ করা হয়েছে। সরকারের ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণ অংশ হিসেবে ইতোপূর্বে বোর্ডের গৃহীত ও বাস্তবায়িত অনলাইনে শিক্ষাবৃত্তির আবেদন গ্রহণ ও প্রক্রিয়াকরণ এবং অনলাইনে প্রকল্পের আবেদন গ্রহণের উদ্ভাবনী উদ্যোগসমূহ এ কার্যক্রম বাস্তবায়নে সহায়ক হয়েছে। তবে, এ কার্যক্রম সম্পাদনে বেশ কিছু চ্যালেঞ্জ ছিল। বোর্ডের রাজস্ব খাতের পাশাপাশি অন্যান্য উন্নয়ন প্রকল্পের নিয়োগ কার্যক্রমও এ সিস্টেমে অর্ন্তভুক্ত করা হয়েছে। বোর্ডের রাজস্ব খাতের পদ ও নিয়োগের ধরণের সাথে উন্নয়ন প্রকল্পের জনবলকাঠামো ভিন্ন ভিন্ন। প্রতিনিয়ত নতুন নতুন প্রকল্পের অর্ন্তভুক্তি এবং সিস্টেমে একাধিক ক্যাটাগরির এডমিন রাখার প্রয়োজনীয়তা দেখা দেয় এবং এক সিস্টেমের মধ্যে একাধিক প্রকল্পের জন্য আলাদা আলাদা সিস্টেম তৈরি করে কেন্দ্রিভূত করা হয়েছে। বোর্ডের নতুন নতুন উন্নয়ন প্রকল্প প্রণয়ন, অনুমোদন লাভ ও বাস্তবায়ন কার্যক্রম একটি নিয়মিত প্রক্রিয়া। প্রকল্প বাস্তবায়ন কাজের শুরুতেই জনবল নিয়োগ কার্যক্রম সম্পন্ন করা বাঞ্চনীয়। তাই, একই সময়ে রাজস্ব খাতভুক্ত নিয়োগ প্রক্রিয়া সম্পাদন ও ভিন্ন ভিন্ন উন্নয়ন প্রকল্পের একাধিক নিয়োগ প্রক্রিয়া সম্পাদনের ব্যবস্থাও রাখা হয়েছে। একটি সুপারএডমিন আইডির ভিন্ন ভিন্ন প্রকল্পের জন্য নতুন নতুন এডমিন আইডি তৈরি ও জনবল কাঠামো মোতাবেক পদ সৃষ্টি করে করে নুতন প্রকল্পের নিয়োগ কার্যক্রম সম্পাদনের সুযোগ রয়েছে।

৩) যে পরিবর্তন এনেছেঃ এ উদ্যোগটি প্রথমত বোর্ডের রাজস্ব খাতে নিয়োগ প্রক্রিয়ার সাথে সম্পৃক্ত জনবলের কাজের চাপ যেমন কমিয়েছে তেমনি অটোমেশনের মাধ্যমে যাবতীয় ডাটা সন্নিবেশকরণ, প্রবেশপত্র ইস্যু ও পরীক্ষার সিট প্লান তৈরি সংক্রান্ত কাজও দ্রুততম সময়ে করার সুযোগ সৃষ্টি করেছে। অনলাইনে আবেদন দাখিল ও আবেদন ফি জমা দেয়ার সুযোগ থাকায় প্রার্থীদের টিসিভি কমাতে সাহায্য করবে। বিভিন্ন উন্নয়ন প্রকল্পের জনবল নিয়োগ সংক্রান্ত কাজ এ সিস্টেমে অর্ন্তভুক্ত করার ফলে পুরো পার্বত্য এলাকায় যুগান্তকারী প্রভাব বিস্তার করবে। উন্নয়ন প্রকল্পে নিয়োগ প্রক্রিয়া বিলম্ব হলে মাঠ পর্যায়ের কাজ বাস্তবায়নে উদ্ভুত সমস্যার সমাধানে সহায়ক হবে, তাই, শুধুমাত্র দপ্তর বা চাকুরিপ্রার্থীরাই নয়, প্রকল্প এলাকার সকল সুবিধাভোগীরাই এ উদ্যোগের ফলে উপকৃত হবে।

৪) উপকারভোগী বা অংশীজনের প্রতিক্রিয়াঃ দাপ্তরিক কাজ সহজতর হয়েছে এবং প্রকল্পের সুবিধা যথাসময়ে উপকারভোগীর নিকট পৌছানো সুবিধাজনক হবে।

৫) টিসিভি/গ্রাফ/ইনফোগ্রাফিক্স/ছবি/ভিডিওঃ

| ক্রম. | তুলনামূলক বিবরণ | সময় | খরচ | ভিজিট/গমন | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | পূর্বের অবস্থা | ৪৫ দিন | ১০০০ টাকা | ০৫ বার | |
| ২. | বর্তমান অবস্থা | ১৫ দিন | ৫০০ টাকা (গড়ে) | ০২ বার | |

সফটওয়্যার লিংক: http://chtdb.eservicebd.com/

৬) উদ্ভাবন ও বাস্তবায়ন টিমঃ

| | |
|---|---|
| ড. প্রকাশ কান্তি চৌধুরী, ইনোভেশন অফিসার, সদস্য-পরিকল্পনা | উদ্ভাবক |
| প্রকল্প পরিচালক (সকল) | সদস্য, বাস্তবায়ন টিম |
| মো: নুরুজ্জামান, সহকারী সচিব (অ: দা:) | সদস্য, বাস্তবায়ন টিম |
| সাগর পাল, প্রশাসনিক কর্মকর্তা | সদস্য, বাস্তবায়ন টিম |
| মনতোষ চাকমা, সহকারী পরিকল্পনা কর্মকর্তা | সদস্য, বাস্তবায়ন টিম |

## ২০২০-২০২১ অর্থ বছরে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের ইনোভেশন কার্যক্রমের তথ্য প্রেরণঃ-

১) উদ্ভাবনের শিরোনামঃ রাস্তার আইডি নির্ধারণ ও সংরক্ষণ

২) পটভূমিঃ পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড প্রতিষ্ঠার পর থেকেই দুর্গম পার্বত্য অঞ্চলের প্রত্যন্ত এলাকাসমূহকে জেলা ও উপজেলা সদরের সাথে যোগাযোগ সুবিধা সৃষ্টির লক্ষ্যে রাস্তা নির্মাণ করে চলেছে। কিন্তু, এ সমস্ত রাস্তাসমূহ সহজে সনাক্তকরণে নির্ধারিত কোন আইডি নেই। ফলে বোর্ড কর্তৃক নির্মিত রাস্তা সমূহ সময়ে সময়ে সংস্কার কার্যক্রম গ্রহণ করা সম্ভব হয় না। এতে জনভোগান্তি বাড়ে। এছাড়াও, রাস্তা সনাক্তকরণের কোন আইডি না থাকার কারণে অন্যান্য সংস্থা বোর্ডকে না জানিয়ে এ সমস্ত রাস্তার সংস্কার কার্যক্রম গ্রহণ করে। এতে করে সংস্থাসমূহের মধ্য সঠিক সময়ে কাজ সমন্বয় করা সম্ভব হয়ে উঠে না। যার ফলে সংস্থাসমূহের সমন্বয়হীনতার সৃষ্টি হয়। এতে জনগণ যেমন কাঙ্খিত সেবা থেকে বঞ্চিত হয় পাশাপাশি এর ফলে সংস্থাসমূহের সমন্বয়হীনতার কারণে সরকারি অর্থের সর্বোতকৃষ্ট ব্যবহারের সুযোগ সীমিত হয়ে যায়।

৩) যে পরিবর্তন আনবে/এনেছেঃ এ উদ্যোগ বাস্তবায়নের ফলে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের বাস্তবায়িত সকল রাস্তা (কালভার্ট, সেতু, ব্রিজসহ)-র অবস্থান, দৈর্ঘ্যসহ যাবতীয় তথ্যের ডাটাবেজ সংরক্ষণ করা হবে। স্বতন্ত্র আইডি নাম্বার ও বিস্তারিত তথ্য সংরক্ষণ করার ফলে তথ্য প্রাপ্তি যেমন সহজতর হবে তেমনি উপকারভোগীদের দীর্ঘস্থায়ী সুবিধা প্রদানের জন্য সময়ে সময়ে রক্ষণাবেক্ষণ কার্যক্রম গ্রহনেও সহায়ক হবে এবং অন্যান্য সংস্থার সাথে সমন্বয় সাধনে সহায়ক হবে।

৪) উপকারভোগী বা অংশীজনের প্রতিক্রিয়াঃ এ কার্যক্রম বাস্তবায়ন সম্পন্ন হলে তৎক্ষণাৎ তথ্য প্রাপ্তি নিশ্চিত হবে এবং দাপ্তরিক কাজ সহজতর হবে। দীর্ঘসময় ধরে উপকারভোগীরা সুবিধা পাবে।

৫) টিসিভি/গ্রাফ/ইনফোগ্রাফিক্স/ছবি/ভিডিওঃ

| ক্রম. | তুলনামূলক বিবরণ | সময় | খরচ | ভিজিট/গমন | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | পূর্বের অবস্থা | - | - | - | |
| ২. | বর্তমান অবস্থা | - | - | - | |

সফটওয়্যার লিংক:

৬) উদ্ভাবন ও বাস্তবায়ন টিমঃ

| | |
|---|---|
| মো: মুজিবুল আলম, নির্বাহী প্রকৌশলী | উদ্ভাবক |
| আবু বিন মোহাম্মদ ইয়াসির আরাফাত, নির্বাহী প্রকৌশলী, বান্দরবান ইউনিট | সদস্য, বাস্তবায়ন টিম |
| তুষিত চাকমা, সহকারী প্রকৌশলী, বান্দরবান ইউনিট | সদস্য, বাস্তবায়ন টিম |
| খোরশেদ আলম, সহকারী প্রকৌশলী, খাগড়াছড়ি ইউনিট | সদস্য, বাস্তবায়ন টিম |
| ত্রয়া সরকার, সহকারী প্রকৌশলী, প্রকৌশল শাখা, রাঙ্গামাটি | সদস্য, বাস্তবায়ন টিম |
| উপ-সহকারী প্রকৌশলী (সকল) | সদস্য, বাস্তবায়ন টিম |